

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

নং-১০.০০.০০০০.১২৮.১২.০০২.১৫(অংশ)-৫২২

তারিখঃ ১৯-০৬-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ সকল জেলা জজ আদালত/ট্রাইব্যুনালে প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের নিমিত্ত ফিডার পদধারীদের (নাজির/সাঁটলিপিকার) চাকুরী সংক্রান্ত তথ্য সংগ্রহ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, প্রশাসনিক কর্মকর্তার শূন্য পদ সমূহের পদোন্নতির মাধ্যমে পূরণের লক্ষ্যে সংশ্লিষ্ট ফিডার পদধারী (নাজির/সাঁট-লিপিকার)দের চাকুরী সংক্রান্ত তথ্যসহ(যথাঃ সংশ্লিষ্ট কর্মচারীদের সরকারি চাকুরীতে যোগদানের তারিখ, ফিডার পদে যোগদানের তারিখ, সরকারি চাকুরী ও ফিডার পদে চাকুরীর অভিজ্ঞতা, তাদের বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা চলমান আছে কিনা, শিক্ষাগত যোগ্যতা(পাসের সনসহ) বিগত ০৫ (পাঁচ) বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন পত্র প্রাপ্তির ১৫(পনের) কার্যদিবসের মধ্যে প্রেরণের অনুরোধ জানিয়ে সকল আদালত ও ট্রাইব্যুনাল বরাবর বিগত ১৫-০১-২০১৭ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১২৮.১২.০০২.১৫(অংশ)-৩৪ স্মারকে পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি অনেক ফিডার পদধারী সাঁট-লিপিকার/নাজিরের চাকুরি সংক্রান্ত তথ্য ও বার্ষিক গোপনীয় প্রতিবেদন পাওয়া যায়নি।

০২। এমতাবস্থায়, জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ অনুযায়ী প্রস্তাবিত ফিডার পদধারী (নাজির/সাঁট-লিপিকার)দের (৩১-১২-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত যাদের চাকুরীর বয়স নাজির হিসেবে ০২ (দুই) বছরসহ মোট ২২ (বাইশ) বছর এবং সাঁটলিপিকার হিসেবে মোট ২২ (বাইশ) বছর) চাকুরী সংক্রান্ত তথ্যসহ বিগত ০৫ (পাঁচ) বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন পত্র প্রাপ্তির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে প্রেরণের অনুরোধ করা হলো।

০৩। উল্লেখ্য, জেলা জজ ও অধস্তন আদালতসমূহ এবং বিভাগীয় বিশেষ জজ আদালতসমূহ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৮৯ অনুযায়ী প্রস্তাবিত ফিডার পদধারী বলতে ৩১-১২-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত যাদের চাকুরীর বয়স নাজির হিসেবে ০২ (দুই) বছরসহ মোট ২২ (বাইশ) বছর এবং সাঁটলিপিকার হিসেবে মোট ২২ (বাইশ) বছর অতিক্রান্ত হয়েছে তাদের বুঝানো হয়েছে। অত্র বিভাগের ওয়েব সাইট (www.lawjusticediv.gov.bd) হতে সংযুক্তিসমূহ ডাউনলোড করা যাবে।

সংযুক্তিঃ ০২ (দুই) ফর্দ।


(মোশতাক আহাম্মদ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭৪১৬

কার্যার্থে বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১. জেলা ও দায়রা জজ (সকল) -----।
২. মহানগর দায়রা জজ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল ও সিলেট।
৩. বিভাগীয় বিশেষ জজ (সকল) -----।
৪. বিচারক (জেলা ও দায়রা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল (সকল) -----।
৫. বিচারক (জেলা ও দায়রা জজ) দ্রুত বিচার (সকল) -----।
৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ(অত্র বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

ছক-১

ক্রমিক নং	চাহিত তথ্যাদির বিবরণ
১.	আদালতের নাম :
২.	আপনার জেলায় প্রশাসনিক কর্মকর্তার পদ শূন্য আছে কিনা- হ্যাঁ/না; টিক (✓) চিহ্ন দিন।
৩.	প্রশাসনিক কর্মকর্তা কর্মরত থাকলে তিনি ফিডার পদধারী কোন গ্রুপেরঃ নাজির/ সাঁট-লিপিকার; টিক (✓) চিহ্ন দিন।
ছক-২ (ফিডার পদধারী প্রত্যেক কর্মচারীর জন্য পৃথক তথ্য দিতে হবে)	
১.	আদালতের নাম :
২.	ফিডার পদধারী কর্মচারীর নাম :
৩.	পদবী :
৪.	নিবাস (নিজ জেলার নাম) :
৫.	জন্ম তারিখঃ
৬.	শিক্ষাগত যোগ্যতা(পাসের সনসহ) :
৭.	সরকারি চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও পদবী :
৮.	ফিডার পদে যোগদানের তারিখ ও পদবী :
৯.	৩১-১২-২০১৬ খ্রিঃ তারিখে ফিডার পদে চাকুরীকাল (বৎসর, মাস ও দিন) :
১০.	৩১-১২-২০১৬ খ্রিঃ তারিখে বর্তমান পদসহ মোট চাকুরীকাল (বৎসর, মাস ও দিন) :
১১.	০১-০১-২০১২ খ্রিঃ তারিখ হতে ৩১-১২-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) বৎসরের বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেরণ করতে হবে (প্রতিবেদনে স্বাক্ষরকারী/প্রতিস্বাক্ষরকারী অফিসারের নামযুক্ত সীল থাকতে হবে)।
১২.	সংশ্লিষ্ট কর্মচারীর বিরুদ্ধে কোন বিভাগীয় মামলা নেই বা ইতোপূর্বে কোন বিভাগীয় মামলায় শাস্তি প্রাপ্ত নহেন মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষ (ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ) কর্তৃক প্রত্যয়নপত্র (নামসহ সীল ও স্বাক্ষরযুক্ত) :
১৩.	মন্তব্য :

১১/০৫/১৭
মোশতাক আব্দুল্লাহ
নিম্নোক্ত কর্মচারী পদে
ফিডার পদে নিয়োগ
কর্তৃপক্ষ
১১/০৫/১৭

জেষ্ঠা তৱা নিৰ্ধাৰণ শ্ৰোফৰ্ম।

মন্ত্ৰণালয়/বিভাগ/পৰিষদৰ নামঃ আইন ও বিচাৰ বিভাগ, আইন, বিচাৰ ও সংবাদ বিষয়ক মন্ত্ৰণালয়।
যে পদে জেষ্ঠতা নিৰ্ধাৰিত হব সে পদেৰ নামঃ

ক্রমিক নং	কৰ্মচাৰীৰ নাম, জন্ম তাৰিখ ও বৰ্তমান পদবি	শিক্ষণত যোগ্যতা, অভিলাষ তাৰিখ	অৰ্জিত অভিজ্ঞতা, তাৰিখবন্দেৰ পদেৰ নাম	জাৰিষ্টক পদেৰ নাম এক উক্ত পদে যোগদানেৰ তাৰিখ (পূৰ্ণাৱশেষে কমান্বিতাবে)	যোগ্যতা কেন্দ্ৰে বিভাগী/প্ৰেক্ষণ ল পৰীক্ষায় উত্তীৰ্ণ হওয়াৰ তাৰিখ	প্রকল্পে নিয়োগপ্রাপ্ত হও ধাক্কাৰে একপ্ৰে যোগদানেৰ তাৰিখ, পদেৰ নাম	প্রকল্পে নিয়োগপ্রাপ্তেৰ কেন্দ্ৰে অধিশন/ উপস্থিত কৰ্তৃপক্ষ স্বত্বক নিৰ্মিতকৰণেৰ তাৰিখ, নিৰ্মিতকৰণেৰ আনন্তিক বৰিৰ এক উক্তকেন্দ্ৰ	প্রকল্পেৰ পদ যাৰত যাকোটি স্থানভূমিত পদে নিয়োগেৰ তাৰিখ	এডহক নিয়োগপ্রাপ্ত হলে এডহক নিয়োগেৰ তাৰিখ(পদেৰ নামদাৰ)	এডহক নিয়োগ কৰ্মচাৰী/উপস্থিত কৰ্তৃপক্ষ স্বত্বক নিৰ্মিতকৰণেৰ তাৰিখ এক আনন্ত্য বিধেৰ উক্তকেন্দ্ৰ	আত্মীকৃত আৰ্হিৰ কেন্দ্ৰে পূৰ্বেৰ চাকৰিৰ প্রকৃতি, পদেৰ নাম, চাকৰিৰ কালভূমিক ও আত্মীকৰণেৰ তাৰিখ	বিভাৰ পদ যাক্ত/প্ৰকৃতি যোগদানেৰ তাৰিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪
১													
২													
৩													
৪													

স্বাক্ষৰ
আইন বিভাগ
আইন বিভাগ